গাংনীতে সাইকেল চুরির সাক্ষী দেওয়ার জেরে চাচার কোপে ভাতিজা নিহত, আটক ১

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামে সাইকেল চুরির ঘটনার সাক্ষী দেওয়াকে কেন্দ্র করে চাচার হাসুয়ার কোপে ভাতিজা নাহিদ হোসেন নিহত হয়েছেন। এ ঘটনায় অভিযুক্ত চাচা লালন হোসেনকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

বিষয়টি নিশ্চিত করেছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাদ্দিদ মুর্শেদ চৌধুরী।

পুলিশ জানায়, গুরুতর আহত অবস্থায় নাহিদ হোসেনকে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হয়। পরে অবস্থার অবনতি হলে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। সেখান থেকেও উন্নত চিকিৎসার জন্য ঢাকার একটি হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহত নাহিদ হোসেন উপজেলার তেঁতুলবাড়িয়া ভিটাপাড়া গ্রামের জাহিদ হোসেনের ছেলে। আটক লালন হোসেন একই গ্রামের নুরুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানান, গত ২৬ জুলাই রাতে ফুরকানের ছেলে তাজুল ইসলামের বাড়ি থেকে একটি সাইকেল চুরির চেষ্টা করেন লালন হোসেন।

এ সময় নাহিদ তাকে দেখে ফেললে দুজনের মধ্যে বাকবিতণ্ডা হয়। পরদিন ২৭ জুলাই এ ঘটনাকে কেন্দ্র করে আবারও চাচা-ভাতিজার মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে লালন হাতে থাকা হাসুয়া দিয়ে নাহিদকে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর জখম করেন।

প্রতিবেশীরা আহত নাহিদকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এদিকে, ঘটনার পর নিহত নাহিদের স্বজনরা লালন হোসেনের ওপর হামলা চালালে তিনিও আহত হন। তার মাথা ও শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাদ্দিদ মুর্শেদ চৌধুরী জানান, এ ঘটনায় অভিযুক্ত লালন হোসেনকে মঙ্গলবার দুপুরে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদক সংক্রান্ত একাধিক মামলা রয়েছে। ঘটনার বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।